

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 25 June, 2025

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) পরিচালনায় দেশি বেসরকারি অপারেটর সাইফ পাওয়ার টেক লিমিটেডের চুক্তির মেয়াদ শেষ হচ্ছে আগামী ৬ জুলাই। এই পরিস্থিতিতে টার্মিনালটি নিজেস্ব পরিচালনার প্রস্তুতি নিয়েছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)। তাই সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে মন্ত্রিসভা কমিটির অনুমোদন চেয়েছে সংস্থাটি।

বন্দর সূত্রে জানা যায়, এনসিটি বন্দর কর্তৃপক্ষের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনার জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন চেয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের কাছে চিঠি পাঠিয়েছে চবক।

চিঠিতে বলা হয়েছে, চলতি মাসের ১৮ তারিখ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এনসিটি নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আপাতত ছয় মাস মেয়াদে টার্মিনাল পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করেছে চবক। এতে প্রতি মাসে আনুমানিক ৭ কোটি টাকা করে ছয় মাসে মোট প্রায় ৪২ কোটি টাকা খরচ হবে বলে সভায় উপস্থাপিত তথ্য থেকে জানা গেছে।

বন্দর চেয়ারম্যান রিয়ার এডমিরাল এস এম মনিরুজ্জামান স্বাক্ষরিত এ চিঠিতে উল্লেখ করা হয়, এনসিটির বর্তমান অপারেটরের মেয়াদ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে টার্মিনাল কার্যক্রম সচল রাখা অত্যন্ত জরুরি, কারণ আমদানি-রপ্তানির স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে টার্মিনালের কার্যক্রমে কোনো বিঘ্ন ঘটলে তা দেশের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

অন্যদিকে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নতুন অপারেটর নিয়োগ একটি সময়সাপেক্ষ প্রক্রিয়া। তাই সরকার ‘সরবরাহ ও ক্রয় আইন, ২০০৬’-এর ৬৮ ধারা অনুযায়ী রাষ্ট্রীয় জরুরি প্রয়োজন ও জনস্বার্থে এই পরিচালন ব্যয় সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে সম্পন্ন করতে পারবে। তবে এ ক্ষেত্রে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন প্রয়োজন।

পণ্য খালাসে প্রয়োজনীয় শ্রমিক না দেয়া এবং অতিরিক্ত বিল করাসহ সাইফ পাওয়ারটেকের কাছে বন্দর ব্যবহারকারীরা জিম্মি ছিলেন উল্লেখ করে চট্টগ্রাম কাস্টম এজেন্ট অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মো. শওকত আলী বলেন, ‘১৭ বছর ধরে আন্দোলন হয়েছিল, কেউ কিছু করতে পারেনি। একটি প্রতিষ্ঠানের একচ্ছত্র আধিপত্য থেকে আমরা মুক্ত হয়েছি। চট্টগ্রাম বন্দরের সমস্ত ইকুয়েপমেন্ট চট্টগ্রাম বন্দরের। চট্টগ্রাম বন্দর ছয় মাসের জন্য এই এনসিটি চালানো কোনা সমস্যা আছে বলে আমি মনে করি না।’

প্রসঙ্গত, এনসিটি হলো চট্টগ্রাম বন্দরের সবচেয়ে বড় ও আধুনিক কনটেইনার টার্মিনাল। এখানে পাঁচটি জেটির মধ্যে চারটিতে আন্তর্জাতিক কনটেইনারবাহী বড় জাহাজ এবং একটি জেটিতে অভ্যন্তরীণ নৌযান ভেড়ে। এনসিটির পরিচালনা কাঠামো নিয়ে ইতোমধ্যে বিভিন্ন মহলে আলোচনা ও বিতর্ক চলছে। বিদেশি অপারেটরের সম্ভাব্য নিয়োগ নিয়ে রাজনৈতিক ও সামাজিক প্রতিক্রিয়া বাড়ছে। এ অবস্থায় বন্দর কর্তৃপক্ষের নিজস্ব পরিচালনার উদ্যোগকে একধরনের মধ্যস্থ অবস্থান হিসেবে দেখা হচ্ছে।

চট্টগ্রাম বন্দর এনসিটি চট্টগ্রাম